

ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা
কামালঘাট, মোহনপুর, পশ্চিম ত্রিপুরা-৭১১২১০

সেহা নং-আইইউ-ত্রিপুরা/ ১ (৮)/২০১৫-১৬/ডি-০ ১৯২

তারিখঃ ৫ই জুন ২০১৫ ঈ

পরিবেশ দিবস উদ্যাপিত
বিশ্বব্যাপী স্বপ্নে সামিল
ইকফাই বিশ্ববিদ্যালয়ও

আগরতলা, ৫ জুন :

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার উদ্যোগে আজ যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্ব পরিবেশ দিবস উদ্যাপন করা হয়। পরিবেশ রক্ষায় সবুজায়ণের গুরুত্ব আপরিসীম---এই বার্তা ছড়িয়ে দিতে কামালঘাটস্থিত ক্যাম্পাসে বৃক্ষরোপন করেন রাজ্যের প্রধান মুখ্য বন সংরক্ষক ডঃ অতুল কুমার গুপ্তা এবং ভারতীয় কৃষি গবেষনা কেন্দ্রের যুগ্ম অধিকর্তা ডঃ মৃন্ময় দত্ত। সঙ্গে ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শিক্ষণ বিভাগের প্রধান ডঃ আত্মলা রঙ্গনাথ। এদের সাথে কামালঘাট উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের তিনজন ছাত্রও চারাগাছ রোপন করে।

এরপর ‘৭০০ কোটি স্বপ্ন, একটি গ্রহ, যত্ন সহকারে ব্যবহার করুন’----বিশ্বব্যাপী গৃহীত এই শ্লোগানের সাথে সঙ্গতি রেখে একটি আলোচনাচক্রের আয়োজন করা হয়। উদ্বোধনী ভাষণে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা মৌসুমী বিশ্বাস পরিবেশ রক্ষায় সকলকে সজাগ হয়ে একযোগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, ৭০০ কোটি স্বপ্নের মধ্যে বেশ কয়েক লক্ষ স্বপ্ন আমাদের ত্রিপুরাতেও রয়েছে।

উনার আহ্বানকে সমর্থন জানিয়ে আলোচনাচক্রের প্রধান বক্তা ডঃ অতুল কুমার গুপ্তা বলেন, জীবনের প্রতিটি মূহূর্তে আমাদের ভাবতে হবে আমরা পরবর্তী প্রজন্মের ব্যবহারের জন্য কি রেখে যাচ্ছি। তিনি জানান, আমাদের দৈনন্দিন জীবনে কোনকিছুই ফেলনা নয়। ইশ্বরের সৃষ্টি সবকিছুই মানবজীবনের কোনও না কোন স্তরে অত্যন্ত প্রয়োজনীয়। প্রত্যহের খাবার থেকে শুরু করে জল, প্রাকৃতিক অন্যান্য সম্পদ বা পরিধেয় পুরাণো বস্ত্র কোনকিছুই নষ্ট না করতে ডঃ অতুল কুমার গুপ্তা বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াসহ সকলের প্রতি আহ্বান জানান।

বিশেষ অতিথির ভাষণে ভারতীয় কৃষি গবেষনা কেন্দ্রের যুগ্ম অধিকর্তা ডঃ মৃন্ময় দত্ত আবহাওয়ার প্রতিনয়ত তারতম্যে উদ্বেগ প্রকাশ করে বলেন, পরিবেশ রক্ষায় আমরা সবাই মিলে এখনই উদ্যোগী না হলে অপূরণীয় ক্ষতি হয়ে যাবে। ভবিষ্যত প্রজন্মের বাঁচাই দায় হয়ে পড়বে। আলোচনাচক্রে ধন্যবাদসূচক ভাষণ রাখেন শিক্ষক শিক্ষণ বিভাগের প্রধান ডঃ আত্মলা রঙ্গনাথ।

প্রেস বিবৃতি